

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

প্লট-এফ১/এ, আগারগাঁও

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**অনলাইনভিত্তিক ভ্যাট সংক্রান্ত কার্যক্রমসমূহ eVAT System এর মাধ্যমে সম্পাদন।**

ভ্যাট সংক্রান্ত অনলাইনভিত্তিক সকল কার্যক্রম iVAS System এ সম্পাদিত হয়। কিন্তু iBAS++ (আইবাস) ও iVAS (আইভাস) নাম দুটি উচ্চারণে মিলে যাওয়ার কারণে উদ্ভূত জটিলতা নিরসনে জাতীয় রাজস্ব বোর্ডের ২০২৫ সালের ৬ষ্ঠ বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমানে ভ্যাট সংক্রান্ত অনলাইনভিত্তিক সকল কার্যক্রম iVAS System এর নাম পরিবর্তিত হয়ে eVAT System হবে। অর্থাৎ iVAS System এর সকল কার্যক্রম eVAT System নামে সম্পন্ন হবে।

অনলাইনভিত্তিক eVAT System এর মাধ্যমে ভ্যাট সংক্রান্ত কার্যক্রমসমূহ নিম্নরূপঃ

- ভ্যাট সংক্রান্ত অনলাইনভিত্তিক নিবন্ধন কার্যক্রম।
- অনলাইনে মূসক রিটার্ন দাখিল।
- A-Challan ও e-Payment ভিত্তিক সকল কার্যক্রম।
- রাজস্ব আদায়ে ভ্যাট সংক্রান্ত উপকরণ উৎপাদ সহগ (input-output co-efficient) মূসক ৪.৩ এ দাখিল।
- PKI Software ভিত্তিক অ্যাপসের মাধ্যমে Realtime ভ্যাট আদায় কার্যক্রম।

অনলাইনভিত্তিক ভ্যাট সংক্রান্ত সকল কার্যক্রম eVAT System এর মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে এ সিস্টেমটির অধিকতর ব্যবহার উপযোগী করার প্রক্রিয়া অব্যাহত আছে।

-জাতীয় রাজস্ব বোর্ড

